

## তুমি ভাবলে যাই

মখদুম আজম মশরাফী

সুদৃশ্য পালকি এক নেমেছিল বেলেভূতে,  
নন্দিত নরক ছেড়ে না বলেই উঠে পড়লে  
বেহেশ্তের সুন্দর বাহনে,  
লোকপ্রিয় এ ভুলোক তোমাকে বিদায় জানাবার বহু আগে  
তুমি ভাবলে যাই..

চোখে অশ্রু ছিল  
হাতে ফুল ছিল  
হৃদয়ে বেদনা ছিল  
লক্ষ মানুষের ঐ শহীদ মিনারে ।  
তুমি শুধু মৃদু হেসে নিলে  
হাতও নাড়লে না,  
যেনো মৃত্যু কোন বিচ্ছেদ নয়,  
যেনো তোমার প্রয়ান কোন ক্রন্দনের মর্শিয়া নয় ।  
যেনো তোমার আশ্চর্য্য কোমল্ ঐ শান্ত চোখে  
গল্প একে যাওয়া ।  
সেই পরিচিত তুমি  
বললে আমি আছি,  
তোমাদের বুকের ভিতরে আমি বাঁধিয়াছি ঘর,  
ঐখানে আমার বাসর  
ঐখানে আমার যাপন...

মাটির খেলনার মত  
তোমার ঐ হৃদপিণ্ডখানি  
তুমি কি হঠাৎ ফেলে ভেঙ্গে ফেলে ছিলে?  
ক্রন্দসী বালকের একটি খুব  
পরশ কাতর বুক, ভাঙ্গা ভাঙের মত  
ভরে নিয়েছিলে খুব দুঃখের বৃষ্টিতে?  
টাইটুম্বুর সেই অশ্রুভরা মাটির গামলায় বলো  
কত বৃত্ত গড়েছিল ঝরে পড়া দুঃখদীর্ন বৃষ্টির টুপটাপ?

বাঁশ, মাটি, ফুল আর লোবানের ছান  
তোমাকে রেখেছে ঘিরে মাটির শয়্যায়,  
রোদের চুমোয় হেসে পৌষের শিশির  
তোমাকে রাখবে ঢেকে আশ্চর্য্য সবুজ রং তূনের কস্বলে ।

মেলবর্ণ, ৩০ জুলাই ২০১২

